

যুগান্তর

MAR. 24 2002

১৩

চাঁদাবাজি : বরিশালে বিএনপি নেতাকে মারধর : বাবুগঞ্জ শিক্ষককে প্রাণনাশের হুমকি

বরিশালে স্মারো

শহরের পৌর এলাকার একটি সড়ক নির্মাণ কাজ চপাকালে একদল যুবক দাবিকত ৫০ হাজার টাকা চাঁদ না পেয়ে নির্মাণ কাজ তদারককারী কাউন্সিল ওয়ার্ড বিএনপি নেতা মুজাহার গাজীকে বেদম মারধর করেছে। অন্যদিকে চাঁদবাজদের ভয়ে বাবুগঞ্জের ব্রাহ্মণদিয়া গ্রামের মাদ্রাসা শিক্ষক মোঃ ইব্রাহিম খান তার ও পরিবারের নিরাপত্তা চেয়ে থানায় জিডি করেছেন। একদল সন্ত্রাসী ওই-শিক্ষকের কাছে ৫০ হাজার টাকা চাঁদ দাবি করেছে। চাঁদ না দিলে প্রাণনাশের হুমকি দিয়েছে সন্ত্রাসীরা।

প্রত্যক্ষদর্শীর জানায়: গতকাল শনিবার বেলা আনুমানিক ১১টায় সগীর ও বাবু নামে দু'দু'রক ৫/৬ সহযোগী নিয়ে নির্মিতমণ্ড সাহেবের গোরস্থান সংলগ্ন সড়কে গিয়ে মুজাহার গাজীর কাছে ৫০ হাজার টাকা চাঁদ দাবি করে। মুজাহার গাজী চাঁদ না দিলে অশীকার কলাম সগীর, বাবু ও তাদের সহযোগীরা মুজাহার গাজীকে বেদম মারধর করে। একপর্যায়ে ছাত্রদল জেলা সম্পাদক মনোয়ার হোসেন দীপু এসে ঘটনার মীমাংসা করেন।

অন্যদিকে বাবুগঞ্জের শিক্ষক ইব্রাহিম খানকে ঘর থেকে ডেকে নিয়ে সন্ত্রাসীর ৫০ হাজার টাকা চাঁদ দাবি করে এবং না দিলে প্রাণনাশের হুমকি দেয়। এ পরিস্থিতিতে ইব্রাহিম খান গতকাল শনিবার বাবুগঞ্জ থানায় জিডি করেছেন।